

“গ্রিন ব্যাংকিং

শিল্প বিপ্লবের ফলে মানুষের জীবন যাত্রার মান উন্নত হলেও পরিবেশের মারাত্মক ক্ষতি সাধিত হয়েছে। পরিবেশ বাঁচাতে সারা বিশ্বেও মানুষ আজ চিন্তা ভাবনা শুরু করেছে। জাতিসংঘসহ বিশ্বের সকল দেশের সরকার ও পরিবেশ সংগঠন পরিবেশ বান্ধব অর্থনীতি চালু করতে যাচ্ছে। বর্তমান বিশ্বের বহুল আলোচিত সমস্যা Environment Pollution/Global Warming/Climate Change। জলবায়ু পরিবর্তন জনিত কারণে পৃথিবী ক্রমশঃ বাস অযোগ্য হয়ে পড়ছে। পৃথিবীকে বাসযোগ্য এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য ভূমিকা পালনের অবকাশ রয়েছে। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে অত্র ব্যাংকও পরিবেশ বান্ধব Green Banking নীতিমালা জারী করেছে। উক্ত নীতিমালায় পরিবেশের জন্য ক্ষতিকর নয় এমন প্রকল্প বা পরিবেশ বান্ধব প্রকল্পে অর্থায়নে অগ্রাধিকার এবং জ্বালানী/শক্তি সংরক্ষণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়েছে। সকল প্রকার শক্তির সশ্রয়ী ব্যবহার ও সংরক্ষণ, টেকসই উন্নয়ন ও স্বাস্থ্য সম্মত/ পরিবেশ বান্ধব অফিস ব্যবস্থাপনা নিশ্চিতকরণই গ্রীন ব্যাংকিং এর মূল লক্ষ্য। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ২০১৩ইং সাল থেকে রূপালী ব্যাংক লিমিটেড এর, শিল্পঋণ বিভাগের অধীনে গ্রীন ব্যাংকিং ইউনিট এর মাধ্যমে গ্রীন ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হয়েছে।

ইতোমধ্যে জাতিসংঘ বৈশ্বিক পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals) ঘোষণা করেছে যা জাতীয় পর্যায়ে বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার কর্মপরিকল্পনা প্রস্তুতের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে এবং মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে সকলকে সমন্বিতভাবে অংশগ্রহণ করার নির্দেশনা প্রদান করেছেন। এছাড়া টেকসই ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক খাতের স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে টেকসই ব্যাংকিং এর মূল দুটি স্তম্ভ- পরিবেশ বান্ধব ব্যাংকিং (গ্রীন ব্যাংকিং ইউনিট) ও CSR Desk অবলুপ্ত করে ব্যাংকের পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR কার্যক্রম সমন্বিতভাবে এবং অধিকতর ফলপ্রদ ও দক্ষতার সাথে পরিচালনার জন্য সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট গঠন করা হয়েছে, যা অত্র ব্যাংকের শিল্প ঋণ বিভাগের অধীনে কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও অত্র ব্যাংকে টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন বিষয়ক কার্যক্রম ব্যবস্থাপনা পর্যায়ে পরিকল্পনা ও তদারকী করার লক্ষ্যে জ্যেষ্ঠতম উপব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের সাসটেইনবল ফাইন্যান্স কমিটি গঠন করা হয়েছে। রূপালী ব্যাংক লিমিটেড গ্রীন ব্যাংকিং নীতিমালা অনুসরণ করে এখাতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হয়েছে। বিশেষ করে ২০১২ইং সালে রূপালী ব্যাংক লিমিটেড গ্রীন ফাইন্যান্সিং বাস্তবায়নে বাংলাদেশের Top Ten ব্যাংক গুলোর মধ্যে তৃতীয় অবস্থানে ছিল।

বর্তমানে অত্র ব্যাংকের ০৬টি শাখায় সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। প্রধান কার্যালয়সহ ময়মনসিংহ, কুমিল্লা, চট্টগ্রামে অবস্থিত অত্র ব্যাংকের নিজস্ব ভবনসমূহে সোলার প্যানেল স্থাপন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এছাড়া কাগজের ব্যবহারে নির্ভরশীলতা দূরীকরণে অটোমেশন কার্যক্রমের উপর গুরুত্বারোপ করা হয়েছে, যার কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন। ব্যাংকের সবগুলো শাখায় অনলাইন ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্রেয়/প্রকিউরমেন্ট/টেডারিং কার্যক্রমে কাগজের ব্যবহার উল্লেখযোগ্য হারে হ্রাস করা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং দক্ষতা ও দ্রুততা আনয়নের লক্ষ্যে ব্যাংকে ২০১৬ইং সালের জুলাই মাসে পূর্ণাঙ্গভাবে ই-টেডারিং ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। গ্রীন ব্যাংকিং খাতে ব্যাংক ২০১৪ সালে ৬৩ কোটি, ২০১৫ সালে ১২৭ কোটি এবং ২০১৬ সালে ৬২ কোটি টাকা বিভিন্ন শিল্প প্রকল্পে অর্থায়ন করেছে।”